

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
ইডেন মহিলা কলেজ, ঢাকা।

তারিখ: ২৪/০৮/২০২১ খ্রি।


২০১৯ সনের অনার্স ১ম বর্ষ ও ২য় বর্ষ পরীক্ষার ফলাফল পরিমার্জন সংক্রান্ত বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ঢাকা বিশ্ববিদ্যালয়ের ১৮/০৮/২০২১ তারিখের সভার সিদ্ধান্ত মোতাবেক করোনা ভাইরাস মহামারি পরিস্থিতিতে অধিভুক্ত সরকারি সাত কলেজের ২০১৯ সনের ১ম বর্ষ (সম্মান) পরীক্ষায় ০৩ (তিন) বিষয় অকৃতকার্য পরীক্ষার্থীরা ২য় বর্ষে ভর্তি হতে পারবে। তবে, অকৃতকার্য বিষয়সমূহে কৃতকার্য না হওয়া পর্যন্ত ৩য় বর্ষ ফাইনাল পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে না।

একইভাবে, ২০১৯ সনের ২য় বর্ষ (সম্মান) পরীক্ষায় ০৩ (তিন) বিষয় অকৃতকার্য পরীক্ষার্থীরা ৩য় বর্ষে ভর্তি হতে পারবে। তবে, অকৃতকার্য বিষয়সমূহে কৃতকার্য না হওয়া পর্যন্ত ৪র্থ বর্ষ ফাইনাল পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে না।

উল্লেখ্য, ২০১৮ সালের ১ম বর্ষ (সম্মান) পরীক্ষায় তিন বিষয়ে অকৃতকার্য শিক্ষার্থীদের এবং করোনা ভাইরাস মহামারি পরিস্থিতিতে ২০১৯ সালের ১ম ও ২য় বর্ষ (সম্মান) পরীক্ষায় তিন বিষয়ে অকৃতকার্য শিক্ষার্থীদের পরবর্তী শিক্ষাবর্ষে ভর্তির যে সুযোগ দেয়া হয়েছে ভবিষ্যতে এই সুযোগ নিজের হিসেবে দেখানো যাবে না।

উল্লিখিত সিদ্ধান্তের আলোকে ইডেন মহিলা কলেজের ছাত্রীদের আগামী ২৮/০৮/২০২১ তারিখের মধ্যে ভর্তি ও পরীক্ষার ফরম পূরণের কার্যক্রম সম্পন্ন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বিভাগীয় প্রধানগণকে অনুরোধ করা হলো।

 ২৪.০৮.২০২১
(প্রফেসর মুজিব হোসেন)

অধ্যক্ষ

ইডেন মহিলা কলেজ, ঢাকা।

কার্যার্থে:

- ১। বিভাগীয় প্রধান, সকল বিভাগ, ইডেন মহিলা কলেজ, ঢাকা;
- ২। প্রধান সহকারি, ইডেন মহিলা কলেজ, ঢাকা;
- ৩। ক্যাশিয়ার, ইডেন মহিলা কলেজ, ঢাকা;
- ৪। রেজিস্ট্রেশন শাখা, ইডেন মহিলা কলেজ, ঢাকা;
- ৫। সংরক্ষণ নথি।

